02

৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

**জুলাই ২০২৩ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মিনহাজুল ইসলাম<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ১৬-০৭-২০২৩ খ্রি. |
| সভার সময় | : | বেলা- ১২:২০ টা। |
| সভার স্থান | : | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক),মহোদয়ের কক্ষ, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) |

কুড়িগ্রাম জেলার ইনোভেশন টিমের সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। নিজ নিজ অধিক্ষেত্রে ইনোভেশন কার্যক্রমের বিষয়ে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। অত:পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **জেলা ও উপজেলা ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা সম্পর্কে আলোচনাঃ**<br>২০২৩-২৪ অর্থবছরে নতুন উদ্ভাবন/ধারণা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। জেলা ও উপজেলা ইনোভেশন টিমের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। উপজেলা ইনোভেশন টিমের অগ্রগতির সুনির্দিষ্ট তথ্য জেলা ইনোভেশন টিমের সভায় উপস্থাপনের জন্য প্রতিমাসের সভা অনুষ্ঠানের পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন। ২০২৩-২৪ অর্থবছরের স্ব স্ব উপজেলার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন বাস্তবায়ন অগ্রগতির স্ব-মূল্যায়ন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্যও উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। | ১। ২০২৩-২৪ অর্থবছরে নতুন উদ্ভাবন/ধারণা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ |
| ২। | **স্মার্ট কুড়িগ্রাম-২০৪১:**<br>মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা বিষয়ে সভায় আলোচনা হয়। স্মার্ট কুড়িগ্রাম বিনির্মাণে এ জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তরকে সেবাপ্রদানে স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করার অনুরোধ জানানো হয়। | সকল দপ্তরের বিভিন্ন সভা সেমিনারে স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে আলোচনা করতে হবে এবং স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করতে হবে। | সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা প্রধান (সকল), কুড়িগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| ৩। | **উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরী সম্পর্কে আলোচনাঃ**<br>প্রতিটি সরকারি দপ্তরে নিজ অধিক্ষেত্রে উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরীর উপর গুরুত্বারোপ করে সভাপতি জানান, নিজ দপ্তরে নিয়োজিত জনবলের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, সেমিনারসহ অন্য দপ্তরের উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ব্যবস্থা করতে হবে। এতে মানসিকতার পরিবর্তন সাধিত হবে এবং নতুন উদ্ভাবনী উদ্যোগ বৃদ্ধি পাবে। | উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরি করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), কুড়িগ্রাম। |
| ৪। | **বিবিধঃ**<br>ক) কোন কর্মকর্তার বদলি বা অন্য কোন কারণে কর্মস্থল পরিবর্তন হলে তার তত্ত্বধানে বাস্তবায়নাধীন উদ্যোগটি সমাপ্তির ধারাবাহিক কার্যক্রম অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়।<br>খ) স্বীয় অধিক্ষেত্রে উদ্ভাবন চর্চার ক্ষেত্রে অন্য দপ্তরের সাথে পার্টনারশিপ ও নেটওয়ার্কিংয়ের মাধ্যমে উদ্ভাবনী চর্চা বিনিময়ের উপর সভাপতি গুরুত্বারোপ করেন। পার্টনারশিপ ও নেটওয়ার্কিংয়ের মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগকে কাজে লাগানোর জন্য সভাপতি সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।<br>গ) জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত 'জেলা ব্র্যান্ডিং কর্ণার', উপজেলা ব্র্যান্ডিং কর্ণার, সার্কিট হাউজ ডিজিটাইজেশন, আশ্রয়ন টিউটোরিয়াল, চিলমারী চরাঞ্চলের 'শিক্ষাতরী', সোনাহাট ভূমি বোটানিক্যাল গার্ডেন এবং জনবান্ধব অভ্যর্থনা ও সেবা কেন্দ্র স্মার্ট মিটিং ম্যানেজমেন্ট, লিটল ফ্রি লাইব্রেরী, স্মার্ট মৎস্যসেবা এর মতো সৃজনশীল উদ্ভাবনী উদ্যোগগুলো যাতে দেশের অন্য জেলায় অনুসৃত হতে পারে সে লক্ষ্যে উদ্যোগগুলো আরও গণমুখী ও জনবান্ধব করতে কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য অনুরোধ করেন। | ১) উদ্ভাবনী ধারণায় সোশ্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি করতে হবে।<br>২) উদ্ভাবনীর জন্য পার্টনারশীপ ও নেটওয়ার্কিং এর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩) বাস্তবায়িত / বাস্তবায়নাধীন সৃজনশীল উদ্যোগগুলো আরো গণমুখী ও জনবান্ধব করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>২)সকল দপ্তর প্রধান, কুড়িগ্রাম।<br>৩) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা গ্রহণের জন্য উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে জনমুখী সেবাকে আরও গতিশীল করার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১/০৭/২০২৩

মোঃ মিনহাজুল ইসলাম
(উপসচিব)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম।
ই-মেইলঃ adcgkurigram@mopa.gov.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.০৩.০০৭.১৮.৯৮ তারিখঃ ১৬ শ্রাবণ, ১৪৩০
৩১ জুলাই, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার ............................................................ (সকল), কুড়িগ্রাম (তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।

৫। .............................................................
.............................................................

৩১.০৭.২৩

রেদওয়ান ইসলাম
সহকারী কমিশনার (আইসিটি)
ফোনঃ ০২৫৮৯৯-৫০০৪০
ই-মেইলঃ acictkurigram@mopa.gov.bd